LIBERTY JUSTICE EQUALITY

**CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM**
**(CPDRS)**
**WEST BENGAL STATE COMMITTEE**
**Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013**
**Mob: 9883717575, 8420094883** **Email: cpdrs.india@gmail.com**

দেশের সৈনিক স্কুলগুলিকে আরএসএস বিজেপির হাতে তুলে দেওয়ার বিরোধিতা করে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (০৬.০৪.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"২০২১ সালে কেন্দ্রীয় সরকার পিপিপি মডেলের নামে ভারতের সৈনিক স্কুলগুলি চালানোর জন্য বেসরকারি সংস্থাগুলোর দরজা খুলে দিয়েছিল। এর ফলশ্রুতিতে, দেশের ৪০টি সৈনিক স্কুলের অধিকাংশই আরএসএস বিজেপি এবং তার রাজনৈতিক শাখা সংগঠনগুলির হাতে তুলে দেওয়া হয়েছে। এর ফলে একদিকে স্কুলগুলির ফি বেড়েছে বিপুল পরিমাণে, পাশাপাশি হিন্দুত্ববাদী ধর্মীয় অন্ধতার চর্চার অবাধ সুযোগ করে দেওয়া হয়েছে।

সৈনিক স্কুল থেকে পড়াশুনো আর ডিসিপ্লিন শিখে ছেলেমেয়েরা যোগ দেয় ভারতীয় সেনাবাহিনীতে। ভারতীয় সেনাবাহিনী বরাবরই ধর্মনিরপেক্ষ প্রতিষ্ঠান। ধর্ম বর্ণ জাতির ঊর্ধে উঠে দেশবাসীকে রক্ষা করার অঙ্গীকার নিয়েই তারা পেশায় প্রবেশ করে। অথচ বিজেপি আরএসএস পরিচালিত কেন্দ্রীয় সরকার সেনাবাহিনীর অভ্যন্তরেও সাম্প্রদায়িকতার বীজ বপন করার কাজ করে চলেছে। সৈনিক স্কুলগুলোকে হিন্দুত্ববাদীদের হাতে তুলে দেওয়া, তারই অঙ্গ।

এর ফলে সমগ্র দেশবাসীর প্রতি সেনাবাহিনীর নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নষ্ট হয়ে যাবে। আরএসএসের দেশপ্রেমের ধারণা, বীর বিপ্লবী নেতাজি, ভগৎ সিং-দের মহৎ চিন্তার সম্পূর্ণ বিপরীত। ফলে আরএসএসের চিন্তায় শিক্ষিত এই সমস্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ভবিষ্যতের সৈনিক হিসেবে দেশের জনগণের স্বার্থ রক্ষার পরিবর্তে, জনস্বার্থে গড়ে ওঠা আন্দোলন ভাঙার হাতিয়ারে পরিণত হবে।

আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস সৈনিক স্কুলগুলোকে বিজেপি আরএসএস এর হাতে তুলে দেওয়ার তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার সমস্ত ক্ষেত্রে ধর্মীয় অনুপ্রবেশ বন্ধ করার দাবি জানাচ্ছি।"

সংবাদদাতা
রাজীব সিকদার
অফিস সম্পাদক